# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org

Email- chuadangapourasava@lgd.gov.bd


## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১০ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা

স্থান : পৌরসভা মিলনায়তন

তারিখ : ২৩/০৭/২০২৫ খ্রি.

সময় : বিকাল : ৩-৩০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ২৬/০৬/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** সভায় উপস্থিত জনাব অহিন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স এর ডাটা করার জন্য আগষ্ট-২০২৫ দাবী উল্লেখ করতে হবে। লাইসেন্স নবায়ন সহ আদায় উল্লেখ করতে হবে এবং অর্থবছর অনুযায়ী দাবীর পরিমাণ উল্লেখ করতে হবে। বিগত অর্থবছরে মোট দাবীর পরিমাণ ও আদায়ের পরিমাণ উল্লেখ করতে হবে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে জরুরী ভিত্তিতে এন্ট্রি সহ উপরোক্ত কাজগুলো দ্রুত সম্পন্ন করার জন্য লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে পুনরায় নির্দেশ দেন। লাইসেন্স পরিদর্শক সভায় জানান জুন/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৪০টি এবং আয় হয়েছে ১,৪৪,৪৭৫/-টাকা। | পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে দ্রুত এন্ট্রি এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের দাবী ও আদায় সভার পূর্বেই উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-** সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন পৌর এলাকার মধ্যে ওয়ার্কওয়ে নির্মাণের বিষয়ে প্রস্তাব করেন। প্রস্তাব অনুযায়ী পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন উক্ত বিষয়ে ডিসি স্যারের সাথে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করা হবে। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম সাইফুল্লাহ বলেন প্রত্যেক ওয়ার্ডে অবকাঠামো কাজ বাস্তবায়ন করার জন্য ওয়ার্ড ভিত্তিক রাস্তার তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট ওয়ার্ডে বসবাসকারী জনসাধারণের চাহিদা অনুযায়ী কাজ বাস্তবায়ণের জন্য কমিটি করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত জনাব মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে পৌর এলাকার মধ্যে চলমান পূর্ত কাজগুলোর গুণগত মান বজায় রাখার জন্য প্রকৌশল শাখাকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত সিভিল সার্জন প্রতিনিধি জনাব ডাঃ মোছাঃ শামীমা ইয়াছমিন বলেন করিমন ষ্ট্যান্ড রাস্তা যাতায়াতের জন্য অসুবিধা হচ্ছে মর্মে রাস্তাটি সংস্কার করার জন্য প্রস্তাব করলে সভায় উপস্থিত এলজিইডি নির্বাহী প্রকৌশলীর প্রতিনিধি | পৌর এলাকার মধ্যে চলমান পূর্ত কাজগুলোর সিডিউল অনুযায়ী গুণগত মান বজায় রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সহকারী প্রকৌশলী জনাব মোঃ আহসানুল হক বলেন আগামী ৩ মাসের মধ্যে উক্ত রাস্তার কাজ বাস্তবায়ন করা হবে।<br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান জুন' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ৩০টি ও দাখিল হয়েছে ০২টি। জুন'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৭১,৩৮৫/-টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন জুন ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ০৬টি এবং আয় হয়েছে ১৮,০০০/-টাকা। | | |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী জনাব এম. সাইফুল্লাহ, জুন ২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, জুন ২৫ মাসের মোট পানি শাখার আয় ২৬,০৩,১৩১.৬৫ টাকা ও ব্যয় ২১,০০,৯৭১.০০.০০ টাকা সমাপনি জের ৫,০২,১৬০.৬৫ টাকা এবং রাজস্ব খাতের আয় ৬৮,৬৫,৪৭২.৩৭ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৫৬,১৮,৩৭৪.০০ টাকা সমাপনি জের ১২,৪৭,০৯৮.৩৭ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | **পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-**<br><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন ২০২৪-২৫ অর্থ বছরে ৭০.৩৩% পৌরকর আদায় হয়েছে এবং বিল ফরম নেওয়ার জন্য প্রস্তাব করলে কর,পানি ও ট্রেড লাইসেন্স শাখার একসাথে চাহিদা মোতাবেক আরএফকিউ পদ্ধতিতে বিল ফরম ক্রয় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ ফাস্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয়, চুয়াডাঙ্গা এর চুড়ান্ত পৌরকর নির্ধারণ করার লক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিকে পত্র প্রদান পূর্বক পৌরকর নির্ধারণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং বকেয়া পৌরকর আদায়ের স্বার্থে নোটিশ করা সহ আইনি পদক্ষেপ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, জুন/২৫ মাসে আদায় হয়েছে ৬১,৩৯,৬৯৮.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরকর আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো তৎপর হওয়ার নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। ওয়ার্ড পর্য্যায়ে পৌরকর আদায়ের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | বিল ফরম নেওয়ার জন্য প্রস্তাব করলে কর,পানি ও ট্রেড লাইসেন্স শাখার একসাথে চাহিদা মোতাবেক আরএফকিউ পদ্ধতিতে বিল ফরম ক্রয় ও ফার্স্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয়, চুয়াডাঙ্গা এর চূড়ান্ত পৌরকর নির্ধারণ করা ও বকেয়া পৌরকর আদায়ের স্বার্থে নোটিশ করা সহ আইনি প্রদক্ষেপ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | **স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান জুন ২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৩৪৮টি পুরুষ=১৭১ ও মহিলা=১৭৭ এবং এক বছরের নীচে ১৫৫টি ও মৃত্যু নিবন্ধন হয়েছে ১৭টি পুরুষ=১৩ ও মহিলা=০৪। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আরো গুরুত্ব সহকারে সকলকে কাজ করার বিষয়ে নির্দেশনা দেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখার সংশ্লিষ্ট সকলকে আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |
| ০৭ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা:-**<br><br>ক) সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন বিভিন্ন অভিযোগ গুলো তদন্ত করে নোটিশ প্রদান ও নিস্পত্তির বিষয়ে কমিটি গঠন করার প্রস্তাব করেন। চুয়াডাঙ্গা পৌরসভার ৫টি ফিলিং ষ্টেশন পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় ফিলিং ষ্টেশনে পুরুষ, মহিলা ও প্রতিবন্ধিদের জন্য আলাদা ভাবে টয়লেট না থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করার বিষয়ে অনুরোধ করা হয়। এবং পৌর এলাকার মধ্যে অসংখ্য কুকুর ঘোরাঘুরি করছে ফলে শিশু, জনসাধারণ সহ স্কুল-কলেজের ছাত্র | চুয়াডাঙ্গা পৌর এলাকায় ডেঙ্গুর বিষয়ে সচেতনা মূলক সভা করা সহ সকল স্কুলে নোটিশ সহ লিফলেট দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ছাত্রীরা রাস্তায় চলাফেরা করতে ভয় পাচ্ছে। এ বিষয়ে আলোচনা করলে সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন কুকুর নিধন বা কুকুর মারা বিষয়ে আইন হওয়ায় প্রদক্ষেপ নেওয়া সম্ভব নয়। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন স্থানীয় সরকার মন্ত্রনালয় কর্তৃক নির্দেশনা পেলে পরবর্তিতে ব্যবস্থা নেওয়া হবে এবং চুয়াডাঙ্গা পৌর এলাকায় ডেঙ্গুর বিষয়ে সচেতনা মূলক সভা করা সহ সকল স্কুলে নোটিশ সহ লিফলেট দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) জুন-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ২৬৪টি, ছাগল ১১৪০টি। | | |
| ০৮ | **খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনাঃ-**<br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন জুন/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-২৩৬টি, পেন্টা-১, ২২৭টি, পেন্টা-২, ১২৩টি, পেন্টা-৩, ১৩১টি, পোলিও-১, ২২৭টি, পোলিও-২, ১২৩টি, পোলিও-৩, ১৩১টি, পিসিভি-১, ২২৭টি, পিসিভি-২, ১২৩টি, পিসিভি-৩, ১৩১টি, এম আর-১, ১৪৩টি, এম আর-২, ১৫৯টি, আইপিভি-১, ২২৭টি, আইপিভি-২, ১৩১টি, টিডি-১, ৮৩টি, টিডি-২, ৯৫টি, টিডি-৩, ৮১টি, টিডি-৪, ৭৫টি, টিডি-৫, ৯৭টি প্রদান করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাফুল্লাহ টিকাদান কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি সন্তোষ প্রকাশ করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের জন্য টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন। | টিকাদান কার্যক্রমের কাজ আরো গুরুত্ব সহকারে পালনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনাঃ**<br><br>সভায় উপস্থিত জনাব অহিন্দ্র কুমার মন্ডল, জেলা প্রথমিক শিক্ষা অফিসার চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন সরকারি সকল অফিসের আশে পাশে ময়লা আবর্জনা পরিস্কারের পাশাপাশি মশা নিধন বিষ স্প্রে করা ও ১টি ডাস্টবিন দেওয়ার জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন জনস্বাস্থ্য অফিসের ভিতরে ময়লা আবর্জনা পরিস্কার করা সহ অফিসের মধ্যে ১টি ডাস্টবিন দেওয়ার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার উক্ত অফিসের পাশাপাশি সরকারি সকল অফিসের আশপাশে মশা নিধন বিষ স্প্রে করার জন্য কঞ্জারভেন্সি পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানকে নির্দেশনা দেন। | সরকারি প্রাথমিক শিক্ষা অফিস ও জনস্বাস্থ্য অফিসে ডাস্টবিন প্রদান সহ সরকারি সকল অফিসের আশপাশে মশা নিধন স্প্রে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনাঃ**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে জুন/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৮টা, পুনঃ সংযোগ ০০টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০২টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০৪টা (খেলাপি গ্রাহক), ২০২৪-২০২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী ছিল = ২,৮৬,৬১,৬৩৭/-টাকা। জুন'২০২৫ইং পর্যন্ত মোট আদায় হয়েছে =২,৭২,২৫,৪৩১/-টাকা, বকেয়া দাবী=৪৯,৫২,৮০৪/-টাকা, জুন'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২৩,৬৯,১৯০/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৪৯৪৬টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৯১০ (কর্তন ১১৮৪) মোট মটর গ্রাহক সংখ্যা ৮৮৬ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরো গতিশীল করা জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১০ | বিবিধঃ<br>**১) মাছের বাজারের শেড মেরামত প্রসঙ্গে আলোচনাঃ**<br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন মাছের বাজারের শেড মেরামত করার জন্য প্রস্তাব করলে সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন মাছের বাজারের শেড মেরামত করার জন্য বাজার ইজারালব্ধ টাকা দিয়ে বাস্তবায়ন করার জন্য সভায় বলেন। সভায় উপস্থিত | ১) মাছের বাজারের শেড মেরামত করার জন্য বাজার ইজারালব্ধ টাকা দিয়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | পৌর প্রশাসক |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সকল সদস্য উক্ত কাজ বাস্তবায়ন করার ক্ষেত্রে সম্মতি দেন।<br>**২) কর্মচারীদের ফুয়েল প্রদান বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জানান পৌরসভার কর শাখার স্টাফদের দাপ্তরিক কাজের জন্য ফুয়েল দেওয়ায় অন্যান্য স্টাফরা ফুয়েল পাওয়ার জন্য মৌখিক ভাবে আবেদন জানান। এ ক্ষেত্রে ফুয়েল নিয়ে কর্মচারীদের মধ্যে অসন্তোষ দেখা দেওয়ায় ২৯/০৪/২০২৫ ইং তারিখের ৭নং সভার ১১ (গ)নং ক্রমিকের ফুয়েল প্রদানের বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে বাতিল করা হয়। সে ক্ষেত্রে কর শাখার স্টাফদের ফুয়েল প্রদান আপাতত বন্ধ রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিমকে নির্দেশনা দেওয়া হয়।<br>**৩) আবুল হোসেন মেমোরিয়াল পাবলিক লাইব্রেরীতে নিয়োজিত মহিলা কর্মীর হাজিরা বৃদ্ধির বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান বলেন বর্তমান বাজার অনুযায়ী আবুল হোসেন মেমোরিয়াল পাবলিক লাইব্রেরীতে নিয়োজিত মহিলা কর্মীর হাজিরা বৃদ্ধি করা প্রয়োজন। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন পৌরসভার সক্ষমতা অনুযায়ী দৈনিক হাজিরা ভিত্তিক আবুল হোসেন মেমোরিয়াল পাবলিক লাইব্রেরীর মহিলা কর্মীর আগষ্ট'২৫ হতে দৈনিক ২০/-(বিশ) টাকা হারে বৃদ্ধির প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে উক্ত টাকা বৃদ্ধির সিদ্ধান্ত হয়। | ২) ফুয়েল নিয়ে কর্মচারীদের মধ্যে অসন্তোষ দেখা দেওয়ায় ২৯/০৪/২০২৫ ইং তারিখের ৭নং সভার ১১ (গ)নং ক্রমিকের ফুয়েল প্রদানের বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>৩) আবুল হোসেন মেমোরিয়াল পাবলিক লাইব্রেরীতে নিয়োজিত মহিলা কর্মীর আগষ্ট'২৫ হতে দৈনিক ২০/-(বিশ) টাকা হারে হাজিরা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয় | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১২/০৮/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/৯৫৮ (১৪)

তারিখ: ১২/০৮/২০২৫ খ্রি.

➤ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক, (IUGIP) এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।

৬-১৪। জনাব.............................................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

১৪/০৮/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা